



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ
নায়েম রোড, ধানমন্ডি, ঢাকা ১২০৫
www.naem.gov.bd



স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৩০০.২৫.০০৫.১৯.৯

তারিখ: ২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

বিষয়: বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের জন্য অনুষ্ঠিতব্য ৪৯তম শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্সে মনোনয়ন

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে তাঁকে জানানো যাচ্ছে যে, বিসিএস (সাধারণ শিক্ষা) ক্যাডারের কর্মকর্তাগণের জন্য ৪৯তম 'শিক্ষা গবেষণা পদ্ধতি' প্রশিক্ষণ কোর্স আগামী ০৬/০২/২০২৪ থেকে ২১/০৩/২০২৪ খ্রি. তারিখ (২৩ শে মাঘ - ৭ চৈত্র ১৪৩০ বঙ্গাব্দ) পর্যন্ত নায়েমে অনুষ্ঠিত হবে। এই কোর্সের প্রশিক্ষণার্থী হিসেবে তাঁকে নির্দেশক্রমে মনোনয়ন দেয়া হয়েছে। আগামী ০৬/০২/২০২৪ খ্রি. তারিখ সোমবার সকাল ০৮.০০টায় নায়েম-প্রশাসনিক ভবনের নিচতলায় ওয়ান-স্টপ সার্ভিস সেন্টারে তাঁকে রিপোর্ট করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

নিম্নলিখিত বিষয়সমূহের প্রতি তাঁর দৃষ্টি আকর্ষণ করছি:

১. প্রশিক্ষণকোর্সের কার্যক্রম প্রতিদিন সকাল ০৮.০০টা থেকে বিকাল ০৪.০০টা পর্যন্ত চলবে, তবে অনিবার্য কারণে তা পরিবর্তন ও পরিবর্ধন করা হতে পারে;
২. প্রশিক্ষণ কোর্সটি সম্পূর্ণ আবাসিক;
৩. প্রশিক্ষণার্থীগণের ব্যক্তিগত ব্যয় যেমন- খাবার, শিক্ষাসফর ও অন্যান্য আনুষঙ্গিক ব্যয় নির্বাহের জন্য প্রত্যেককে কমপক্ষে ১৭,০০০.০০ (সতের হাজার টাকা) সাথে আনার জন্য অনুরোধ করা হলো;
৪. বিধি মোতাবেক অংশগ্রহণকারীগণকে ভ্রমণ ও দৈনিক ভাতা নায়েম থেকে প্রদান করা হবে। প্রশিক্ষণ শেষে প্রশিক্ষণার্থীগণকে এ অফিসে ভ্রমণ ও দৈনিক ভাতার বিল জমা দিতে হবে। প্রাপ্ত বিল শিক্ষা মন্ত্রণালয়ের প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার অফিস হতে অনুমোদিত হওয়ার পর প্রশিক্ষণার্থীগণের নিজ নিজ ব্যাংক হিসাবে অর্থ স্থানান্তর করা হবে;
৫. প্রশিক্ষণার্থীকে দুই কপি পাসপোর্ট সাইজের রঞ্জন ছবি, ক্যালকুলেটর, ল্যাপটপ, মাপনি স্কেল, রাজস্ব টিকেট, পুরণকৃত ব্যাংক হিসাবের তথ্য-ফরম (গুগল ক্লাশরুমে আপলোড করা হবে) এবং প্রতিষ্ঠান প্রধানের ছাড়পত্র সংগে আনতে হবে;
৬. ইতোপূর্বে যারা ইআরএম কোর্সে অংশগ্রহণ করেছেন, তাঁদের ক্ষেত্রে এ মনোনয়ন প্রযোজ্য হবে না;
৭. মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ এর স্মারক নম্বর মাউশিপ্র/বা-ইউ/৫২৮০ তারিখ ১০-০১-৯৯ খ্রি. এবং ৩৭.০২.০০০০.১১০.১৮.৪১.২০১৬-২৬৫ তারিখ ০৭/০৩/২০১৬ খ্রি. অনুসারে মনোনীত কর্মকর্তাগণের এ কোর্সে অংশগ্রহণ বাধ্যতামূলক। প্রশিক্ষণে মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণ শুরুর দিন থেকে তাৎক্ষণিক বিমুক্ত বলে গণ্য হবেন। সুতরাং গ্রহণযোগ্য কারণ ছাড়া প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করা থেকে বিরত থাকলে তাঁর বিরুদ্ধে বিধি মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা হবে;
৮. প্রশিক্ষণ সম্পর্কিত কোনো তথ্য জানতে ড. মো. আনোয়ারুল হক, প্রশিক্ষণ বিশেষজ্ঞ ও কোর্স সমন্বয়ক (সেল নম্বর: ০১৭৬৫০৩২৮২২) এবং ড. মোসাম্মৎ তাহমিনা বেগম (সেল নম্বর-০১৮১৩০৯৮৬৪৬), সহকারী পরিচালক, (পেরিকল্পনা ও উন্নয়ন)-এর সাথে যোগাযোগ করা যেতে পারে;
৯. আমন্ত্রণপত্র ও প্রশিক্ষণার্থীগণের তালিকা নায়েম ওয়েবসাইট (www.neam.gov.bd)-এ পাওয়া যাবে;
১০. মনোনীত শিক্ষক-কর্মকর্তা কোর্স শুরুর ০৩ (তিন) দিন পূর্বে নায়েম ওয়েবসাইট (www.naem.gov.bd)-এর প্রশিক্ষণ সংক্রান্ত মেনুর অনলাইন রেজিস্ট্রেশন সাবমেনু থেকে কোর্সে অংশগ্রহণের রেজিস্ট্রেশন সম্পন্ন করবেন।

১৬-০১-২০২৪

১৬-০১-২০২৪

প্রফেসর ড. মাফরুহা নাজনীন কোর্স পরিচালক ৪৯তম
শিক্ষা গবেষণা পদ্ধতি প্রশিক্ষণ কোর্স ও
প্রশিক্ষণ বিশেষজ্ঞ

০১৯১৯৫২৫৫২৬ (ফোন)

info@naem.gov.bd

প্রভাষক,

স্মারক নম্বর: ৩৭.০৪.২৬৬৩.৩০০.২৫.০০৫.১৯.৯/১(১৪)

২ মাঘ ১৪৩০ বঙ্গাব্দ
তারিখ: ১৬ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মহাপরিচালক, মহাপরিচালকের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
- ২। পরিচালক (অতিরিক্ত দায়িত্ব), প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৩। পরিচালক, প্রশাসন ও অর্থ বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৪। পরিচালক, পরিকল্পনা ও উন্নয়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৫। পরিচালক, গবেষণা ও তথ্য বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ৬। অধ্যক্ষ,, (মনোনীত ব্যক্তি অন্যত্র বদলি হলে পত্রটি তাঁর বর্তমান কর্মস্থলে প্রেরণের জন্য অনুরোধ করা হলো);
- ৭। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয়, ৪৫, পুরানা পল্টন, ঢাকা;
- ৮। সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ;
- ৯। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ১০। উপ-পরিচালক, প্রশিক্ষণ ও বাস্তবায়ন বিভাগ, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ১১। উপ-পরিচালক, প্রশাসন ও অর্থ অধিশাখা, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি;
- ১২। হোস্টেল সুপারিনটেনডেন্ট (সকল), নায়েম, ঢাকা;
- ১৩। প্রোগ্রামার, আইসিটি সেল, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি এবং
- ১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, নায়েম, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।



১৬-০১-২০২৪

১৬-০১-২০২৪

ড. মোঃ সাফায়েত আলম
সহকারী পরিচালক (অর্থ)